

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০৬৭.১১-১১৫

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১
২৩ এপ্রিল ২০২৪

প্রাপকঃ ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস

ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল।

বিষয়ঃ ডাঃ এ, এফ, এম, হামিদুল হক (গ্রেডেশন নং-৩২২), অবসরপ্রাপ্ত উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

- সূত্রঃ ১. প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.২১-৬৭৩, তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রিঃ।
২. দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-০০.০১.০০০০.১০৩.০৬.০০৫.২৩-১৭০, তারিখ: ১২/০৩/২০২৪ খ্রিঃ।
৩. প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.১৭-১৫৯, তারিখ: ২৩/০১/২০২৪ খ্রিঃ।
৪. এ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-১ অধিশাখার স্মারক নং- ৩৩.০০.০০০০.১১৭.০৯.০০২.১৩-২০৮, তারিখ: ২৭/০৩/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ডাঃ এ, এফ, এম, হামিদুল হক (গ্রেডেশন নং-৩২২), প্রাক্তন উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল গত ৩১/০৫/২০১১ তারিখে চাকরি হতে অবসর গ্রহণ করেন। বর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালক, সমাপ্ত পশু রোগ প্রতিরোধের জন্য টিকা উৎপাদন প্রকল্প এ কর্মকালীন (০৫/১১/২০০০ তারিখ হতে ৩০/০৬/২০০৬ তারিখ পর্যন্ত) অডিট আপত্তি অনিষ্পন্ন থাকায় (অনিষ্পন্ন অডিট আপত্তিতে টাকা পরিমাণ তার প্রাপ্য পেনশন ও আনুতোষিক হিসেবে প্রাপ্য অর্থে পরিমাণের অধিক), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকায় কর্মকালীন সময়ে নিরীক্ষা কার্য সম্পন্ন না হওয়া এবং পরবর্তীতে গত ০৬/০৬/২০০৬ তারিখের ১১১৬ সংখ্যক স্মারকে দুর্নীতি দমন কমিশন হতে বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে ৬২ (ষাষটি) কোটি টাকার অনিয়ম ও দুর্নীতির একটি অভিযোগ পাওয়া যাওয়ায় প্রয়োজনীয় কাগজপত্রাদির ঘাটতির কারণে দীর্ঘ সময়ে তার পেনশন ও আনুতোষিক মঞ্জুর করা যায়নি। বর্তমানে সূত্রস্থ ৩ নং স্মারকে বর্ণিত কর্মকর্তার অনুকূলে কোন অডিট আপত্তি অনিষ্পন্ন নেই মর্মে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অবহিত করা হয়েছে এবং সূত্রস্থ ২ নং স্মারকে দুর্নীতি দমন কমিশনে কোন অভিযোগ অনুসন্ধানাধীন বা কোন মামলা তদন্তাধীন নেই মর্মে দুর্নীতি দমন কমিশন তথ্য প্রদান করেছে। তিনি সূত্রস্থ ৪ নং স্মারকমূলে ৪র্থ গ্রেডে টাইমস্কেল প্রাপ্ত হওয়ায় সংশোধিত ইএলপিসি অনুযায়ী পেনশন প্রাপ্তিতে তাঁর মূল বেতন ৩৩,৭৫০/- (তেত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হয়। এ প্রেক্ষিতে, ডাঃ এ, এফ, এম, হামিদুল হক (গ্রেডেশন নং-৩২২), প্রাক্তন উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল- এর অনুকূলে আনুতোষিক বাবদ মোট প্রাপ্য ২৭,০০,০০০/- (সাতাশ লক্ষ) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন বাবদ মাসিক পূর্ণ পেনশন ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা মাত্র নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ ৩ নং পত্রের তথ্যানুযায়ী তাঁর নিকট সরকারের কোনরূপ পাওনা বা অডিট আপত্তি নেই। আবেদনকারীর প্রদত্ত অজীকারনামা এবং পেনশন ফরম ২.১ এর ক্রমিক নং-৫ অনুযায়ী, তিনি বিধি মোতাবেক যে পরিমাণ অর্থ পেনশন ও আনুতোষিক হিসেবে প্রাপ্য তার চেয়ে বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হলে বা তার নিকট ভবিষ্যতে সরকারের কোনো পাওনা/আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত/সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে, তিনি বা তার উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ ফেরৎ/পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। বর্ণিত কর্মকর্তার পেনশন ও আনুতোষিক সংশ্লিষ্ট ছকে বর্ণিত কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১.	পূরণকৃত পেনশন ফরম (মূলকপি)	১ কপি
২.	চাকরির বিবরণী-	২ পাতা
৩.	পি.আর.এল-এ গমনের মঞ্জুরিপত্র	১ পাতা
৪.	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	২ পাতা
৫.	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

ৃ

৬.	জাতীয় পরিচয়পত্রের কপি	১ পাতা
৭.	প্রাপ্তবয় পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (মূলকপি)	১ পাতা
৮.	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ (মূলকপি)	১ পাতা
৯.	আনুগত্য সনদপত্র ও অঙ্গীকারনামা	২ পাতা
১০.	বিভাগীয় না-দাবী প্রত্যয়নপত্র	১ কপি
১১.	কর্মকর্তার কর্মকালীন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে ৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১ কপি
১২.	বিভিন্ন কর্মস্থলের ১৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ও না-দাবী এবং বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র	২৮ পাতা
১৩.	চাকরি বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি	৪৯ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৯৩ (তিরানব্বই) ফর্দ।

হা:

(শেখ কামরুল হাসান)

উপসচিব

ফোন: ২২২৩৩৫৬৬৯৮

E-mail: livestock-3@mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০৬৭.১১-১১৫/১(৮)

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১
২৩ এপ্রিল ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. ডাঃ এ. এফ. এম, হামিদুল হক (প্রোডেশন নং-৩২২), অবসরপ্রাপ্ত উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল; **বর্তমান ঠিকানা**- বাড়ী নং-২২, ফ্ল্যাট নং-৩/বি, বাসা নং-৩৪, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

হেফাজত
২১.০৪.২৪

(শেখ কামরুল হাসান)

উপসচিব